

নগর উন্নয়ন অধিদপ্তর এর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ এর মধ্যে সমঝোতা স্মারক সম্পাদন বিষয়ে

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্য

নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুসম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে। অন্যদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের ছাত্র-ছাত্রীদের ভূগোল ও পরিবেশ বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর এবং উচ্চতর ডিগ্রী প্রদান করে থাকে। এমতাবস্থায়, তাত্ত্বিক এবং ব্যবহারিক জ্ঞানের মধ্যে সমন্বয় সাধন ও পারস্পরিক তথ্য/উপাত্তের সহজগম্যতা প্রতিষ্ঠা করাই এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য।

২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশল

বিভিন্ন সেক্টরাল কার্যক্রম সম্পাদনে উভয় পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে সম্পন্ন করা।

৩. সমঝোতা স্মারকের মেয়াদকাল

এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত। তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত সময় বাড়ানো বা কমানো যাবে, অন্যথায় চলমান অথবা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে তিন মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে পরস্পরকে জ্ঞাত করাতে হবে।

৪. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্বসমূহ

ক) ভূমি ও পরিবেশের যথাযথ মিথস্ক্রিয়া সাধনের লক্ষ্যে দুর্যোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG, Sendai Frame work, Habitat-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয় সমূহ অন্তর্ভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনায় কার্যক্রম গ্রহণ করবে এবং বাস্তবজ্ঞান সংশ্লিষ্ট বিষয়সমূহকে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।

খ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন নতুন কলা কৌশল উদ্ভাবনে কাজ করবে।

গ) Stakeholder গণের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কসপের আয়োজন করবে।

ঘ) নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।

৫. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের দায়িত্বসমূহ

ক) পারস্পরিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে গবেষণা কার্যক্রম সম্পন্ন করা এবং প্রচারে সহায়তা করবে।

খ) বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন সেমিনার, ওয়ার্কসপ ইত্যাদি কার্যক্রম আয়োজনে সহযোগিতা করবে।


গ) নগর ও অঞ্চল পরিকল্পনা সংক্রান্ত পদ্ধতি উন্নয়নে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনার মাধ্যমে একসাথে কাজ করবে।

ঘ) ভূগোল ও পরিবেশ বিভাগের পাঠ্যসূচীতে ভূমি ব্যবহার পরিকল্পনা সংক্রান্ত বিষয়সমূহ (যতটা সম্ভব) অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬. যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়নি তা পারস্পরিক আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।

৭. উল্লেখিত বিষয়গুলো সম্পাদনে আর্থিক বিষয় বিবেচ্য নহে। এই ক্ষেত্রে স্ব স্ব সংস্থা নিজ নিজ ব্যয়ভার বহন করবে।


স্বাক্ষর

  
অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন

কোষাধ্যক্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাক্ষর


  
অধ্যাপক ড. হাফিজা খাতুন

চেয়ারপার্সন

ভূগোল ও পরিবেশ বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা


স্বাক্ষর

  
ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক

পরিচালক

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষর

  
আহমেদ আখতারুজ্জামান

উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা